



ঢাকা কমার্স কলেজ

(স্ব-অর্থায়নে পরিচালিত, রাজনীতি ও ধূমপানমুক্ত)

ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬, ফোন: ৯০০৪৯৪২, ৯০২৩৩৩৮

Website: www.dcc.edu.bd, Facebook: [DhakaCommerceCollege](https://www.facebook.com/DhakaCommerceCollege)

স্মারক নং: ঢাকক-

তারিখ: ১১.০৮.২০১৬

বিজ্ঞপ্তি

একাদশ শ্রেণির সকল ছাত্র-ছাত্রীকে জানানো যাচ্ছে যে, ১০ আগস্ট ২০১৬ শিক্ষার্থীদের অভিভাবকদের মোবাইল নম্বরে এসএমএস করে শিক্ষার্থীর আইডি (রোল নম্বর) ও পাসওয়ার্ড প্রেরণ করা হয়েছে। শিক্ষার্থীরা ঢাকা কমার্স কলেজের ওয়েবসাইটে 'লগইন' মেন্যুতে ক্লিক করে নিজস্ব আইডি ও পাসওয়ার্ড দিয়ে 'স্টুডেন্টস একাউন্ট' এ প্রবেশ করে নিম্নোক্ত শতাধিক তথ্য জানতে বা ইনপুট দিতে পারবে: ১. শিক্ষার্থীর ব্যক্তিগত তথ্য (নাম, অভিভাবকের নাম, ঠিকানা, জন্ম তারিখ, রক্তের গ্রুপ ও মোবাইল নম্বর ইত্যাদি); ২. অ্যাকাডেমিক তথ্য; ৩. কোর্সসমূহ; ৪. কেস হিস্টোরি; ৫. বেতন ও ফি; ৬. অতীত রেকর্ড; ৭. অনুপস্থিতি ইত্যাদি। শিক্ষার্থীরা স্টুডেন্টস পোর্টাল থেকে অভ্যন্তরীণ পর্ব পরীক্ষার অ্যাকাডেমিক ট্রান্সক্রিপ্ট ডাউনলোড ও প্রিন্ট করতে পারবে।

২৪ আগস্ট ২০১৬ এর মধ্যে একাদশ শ্রেণির শিক্ষার্থীদের স্টুডেন্টস প্রোফাইল-এ নিম্নোক্ত তথ্যাবলি সংযোজন/সংশোধন করার জন্য বিশেষভাবে বলা হচ্ছে: ১. ছবি (ইউনিফর্ম পরিধানরত পাসপোর্ট সাইজ); ২. বর্তমান ও স্থায়ী ঠিকানা; ৩. ইমেইল নম্বর; ৪. রক্তের গ্রুপ; ৫. পিতা, মাতা ও অভিভাবকের তথ্য; ৬. ভাই-বোনের তথ্য ইত্যাদি।

শিক্ষার্থীদেরকে প্রেরিত পাসওয়ার্ড পরিবর্তন করার জন্য বলা হচ্ছে এবং পরিবর্তিত পাসওয়ার্ড অটোমেশন শাখায় থাকবে না। পাসওয়ার্ড পরিবর্তনের জন্য 'Change password' মেনু এবং পাসওয়ার্ড ভুলে গেলে 'Forget password' মেনুতে যেতে হবে এবং অভিভাবকের মোবাইলে নতুন পাসওয়ার্ড যাবে।

উল্লেখ্য, ঢাকা কমার্স কলেজের ডাইনামিক ওয়েবসাইটে কলেজ পরিচিতি ও কার্যক্রম এবং শিক্ষার্থীদের অত্যাবশ্যকীয় নোটিশ, ফলাফল, সেকশন, রগটিন ইত্যাদি নিয়মিত প্রকাশিত হচ্ছে। কলেজ কার্যক্রম ও সফলতার সংবাদ ছবিসহ নিয়মিত জানতে শিক্ষার্থীদেরকে কলেজের অফিসিয়াল ফেসবুকে 'লাইক' দেয়ার জন্য বলা হচ্ছে।

বিশেষ প্রয়োজনে ১নং অ্যাকাডেমিক ভবনের ৫ম তলায় ৪১৮ নং কক্ষে অটোমেশন শাখায় যোগাযোগ করা যাবে।


অধ্যক্ষ

ঢাকা কমার্স কলেজ


আইবায়ক

অটোমেশন ও ওয়েবসাইট উন্নয়ন কমিটি